## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পররাষ্ট্র মন্ত্রণালয়
ঢাকা

নং-এডি-পি(২)-২১৯১ ৩১ জানুয়ারী ২০১০

**বিষয়ঃ জনাব মাইন উদ্দিন, ব্যক্তিগত কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৫(২) ধারা অনুযায়ী দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ**

যেহেতু, আপনি, জনাব মাইন উদ্দিন, ব্যক্তিগত কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারামূলে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকার অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে মন্ত্রণালয়ের ০৭ ডিসেম্বর ২০০৯ তারিখের এডি-পি(২)-২১৯১ স্মারক মারফত আপনার কৈফিয়ত তলব (প্রথম কারণ দর্শানো নোটিশ জারি) করা হয়; এবং

যেহেতু, উপর্যুক্ত কারণ দর্শানো নোটিশটি ২৭ ডিসেম্বর ২০০৯ তারিখে The Daily Star পত্রিকায় এবং ০২ জানুয়ারী ২০১০ তারিখে দৈনিক ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত হয়;

যেহেতু, আপনি গত ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখে লন্ডন হতে ফ্যাক্সযোগে উপরিউক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করলেও আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানী প্রদানে ইচ্ছুক কিনা তা জানাননি;

যেহেতু, আপনার দাখিলকৃত কারণ দর্শানো নোটিশের জবাব কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক বিবেচিত হয়নি;

এক্ষণে, সেহেতু, উপর্যুক্ত কারণে আপনার উপর সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৪(এ) ধারা মোতাবেক 'চাকুরী হতে বরখাস্তকরণ দন্ড' আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

এমতাবস্থায়, উপরিউক্ত অধ্যাদেশের ৫(২) ধারা মোতাবেক কেন আপনাকে সরকারি চাকুরী হতে বরখাস্ত করা হবে না তার কারণ এ নোটিশ প্রাপ্তির বা নোটিশটি পত্রিকায় প্রকাশের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে দর্শানোর জন্য আপনাকে নির্দেশ দেয়া হলো।

**মোঃ আব্দুল হাই**
মহাপরিচালক (প্রশাসন)

জনাব মাইন উদ্দিন
ব্যক্তিগত কর্মকর্তা
পররাষ্ট্র মন্ত্রণালয়
ঢাকা।

**স্থায়ী ঠিকানাঃ**
পিতাঃ মৃত আতাউয়াল মিঞা
গ্রাম-নোয়াখালী মৌজা
ডাকঘর-পাক কিশোরগঞ্জ
উপজেলা-সদর
জেলা-নোয়াখালী

জিডি-১২৫৩

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পররাষ্ট্র মন্ত্রণালয়
ঢাকা

নং-এডি-পি(২)-১০৭০ ৩১ জানুয়ারি ২০১০

**বিষয়ঃ জনাব মোঃ আসাদুজ্জামান তালুকদার, সহকারী সাইফার কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ধারা-৫, উপ-ধারা-২ অনুযায়ী দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ।**

**দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ**

যেহেতু, আপনি, জনাব মোঃ আসাদুজ্জামান তালুকদার, সহকারী সাইফার কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর আওতায় একই অধ্যাদেশের ৩(বি) ধারায় বর্ণিত অপরাধে (অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতি) বিভাগীয় মামলা রুজু করা হয় এবং এ মন্ত্রণালয়ের ০৯ ডিসেম্বর ২০০৯ তারিখের এডিপি২-১০৭০ নং স্মারকমূলে প্রথম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়; এবং

যেহেতু, উক্ত নোটিশে কেন আপনাকে চাকুরী হতে বরখাস্ত করা হবে না বা অন্য কোন যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তার জবাব ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে দাখিলের জন্য নির্দেশ প্রদান করা হয় এবং আপনি আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানী প্রদানে ইচ্ছুক কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে অবহিত করার জন্য নির্দেশ দেয়া হয়; এবং

যেহেতু, উপরিউক্ত কারণ দর্শানো নোটিশ এবং সাথে সংযুক্ত অভিযোগনামা 'The Daily Star' পত্রিকায় ২৭ ডিসেম্বর ২০০৯ তারিখে এবং 'দৈনিক ইত্তেফাক' পত্রিকায় ২৮ ডিসেম্বর ২০০৯ তারিখে প্রকাশিত হয়; এবং

যেহেতু, আপনি নির্ধারিত সময়ের মধ্যে উপর্যুক্ত কারণ দর্শানো নোটিশের কোন জবাব প্রদান করেননি এবং আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানীর ইচ্ছাও প্রকাশ করেননি;

এক্ষণে, সেহেতু, সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ধারা-৫, উপধারা-২ অনুযায়ী কেন আপনাকে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না, তার কারণ এই নোটিশ প্রাপ্তির অথবা নোটিশটি দৈনিক পত্রিকায় প্রকাশের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে দর্শানোর জন্য নির্দেশ দেয়া হলো।

**মোঃ আব্দুল হাই**
মহাপরিচালক (প্রশাসন)

জনাব মো: আসাদুজ্জামান তালুকদার
সহকারী সাইফার কর্মকর্তা
পররাষ্ট্র মন্ত্রণালয়
ঢাকা।

**স্থায়ী ঠিকানাঃ**
গ্রাম-হাজির হাওলা
ডাকঘর, উপজেলা ও জেলা-মাদারীপুর

জিডি-১২৫৫

## *দরপত্র বিজ্ঞপ্তি*

ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান, প্রাণপরিসংখ্যান ও তথ্যপরিসংখ্যান বিভাগের ল্যাবের জন্য কম্পিউটার ও কম্পিউটার যন্ত্রাংশ ক্রয়ের লক্ষ্যে উক্ত বিভাগ হতে দরপত্র সিডিউল এ বর্ণিত শর্তে প্রকৃত প্রস্তুতকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র সিডিউল আগামী ০৬-০৪-২০১০ইং তারিখ পর্যন্ত (ছুটির দিন ব্যতিত) সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত সংগ্রহ করা যাবে। উল্লিখিত সিডিউলের জন্য জনতা ব্যাংক টি.এস.সি শাখায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিবিধ খাতে =১,৫০০ (এক হাজার পাঁচশত) টাকা (অফেরত যোগ্য) জমা দিয়ে জমা রশিদ বিভাগে প্রদান পূর্বক বিভাগীয় অফিস হতে সিডিউল সংগ্রহ করা যাবে। দরপত্র সমূহ ০৭-০৪-২০১০ ইং তারিখ বেলা ১১.০০ টা পর্যন্ত উপরোক্ত বিভাগে সংরক্ষিত বাক্সে জমা দেয়া যাবে। একই দিন অর্থ্যাৎ ০৭-০৪-২০১০ইং তারিখ বেলা ১১.৩০ মিনিটে দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র সমূহ অত্র অফিসে খোলা হবে। দরপত্রের সাথে মোট মূল্যের উপর সিকিউরিটি হিসাবে ২.৫% আর্নেষ্ট মানি ব্যাংক ড্রাফট/পে-অর্ডার টেন্ডারের সাথে চেয়ারম্যান এর বরাবরে জমা দিতে হবে। সংবাদপত্রে টেন্ডার বিজ্ঞপ্তি প্রকাশের পূর্বের তারিখের কোন প্রকারের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের সমমূল্যের টাকা মালামাল সরবরাহের পর ফেরত দেওয়া হবে। আর যারা কাজের জন্য মনোনীত হবেন না তাদের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর সমমূল্যের টাকা দরপত্র খোলার ৩ দিনের মধ্যে ফেরত দেওয়া হবে। দরপত্রের সাথে ব্যবসা সংক্রান্ত ট্রেড লাইসেন্স, ভ্যাট সনদপত্র, আয়কর জমা দেয়ার হাল নাগাদ সত্যায়িত কপি জমা দিতে হবে। নির্ধারিত ভ্যাট এবং আয়কর প্রদান করতে হবে। বিভাগীয় টেন্ডার কমিটির যাচাইক্রমে যে বা যারা কাজের জন্য মনোনিত হবেন তাদেরকে অত্র বিভাগ হতে কার্যাদেশ সংগ্রহ করতে হবে। বিভাগীয় টেন্ডার কমিটি যে কোন দরপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

GD-1285 চেয়ারম্যান

# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়

## মানিকগঞ্জ।

স্মারক নং- মাপৌস/ প্রকৌঃ-২০১০/ ১১৪ তারিখ: ১৪/০৩/২০১০ খ্রীঃ

### দরপত্র বিজ্ঞপ্তি নং- ১৬/২০০৯-১০

এতদ্বারা মানিকগঞ্জ পৌরসভাধীন ২০০৯-২০১০ অর্থ বৎসরে পৌরসভার রাজস্ব তহবিলের আওতায় নিম্নলিখিত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য ২০০৯-১০ অর্থ বৎসরের মানিকগঞ্জ পৌরসভার তালিকাভূক্ত সকল ঠিকাদারগণের নিকট হইতে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাইতেছে। 'The Public Procurement Rules- 2008' অবশ্যই অনুসরণযোগ্য।

| | | | |
|---|---|---|---|
| ০১। | দরপত্র সিডিউল বিক্রয়ের স্থান | ঃ | (১) জেলা প্রশাসক, মানিকগঞ্জ। (২) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মানিকগঞ্জ। (৩) মানিকগঞ্জ পৌরসভা। |
| ০২। | দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ তারিখ | ঃ | ৩১/০৩/২০১০ খ্রীঃ তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন সময়ে)। |
| ০৩। | দরপত্র বাক্সে দরপত্র গ্রহনের সর্বশেষ তারিখ, সময় ও স্থান | ঃ | ০১/০৪/২০১০ খ্রীঃ তারিখ দুপুর ২:০০ ঘটিকা পর্যন্ত নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা। |
| ০৪। | দরপত্র খোলার তারিখ ও সময় | ঃ | ০১/০৪/২০১০ খ্রীঃ তারিখ দুপুর ৩:০০ ঘটিকা নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা দপ্তরে। |
| ০৫। | প্রাক টেন্ডার মিটিং | ঃ | ২২/০৩/২০১০ খ্রীঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকা নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা দপ্তরে। |

| প্যাকেজ নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য | বায়নার টাকা | টেন্ডার সিডিউলের মূল্য | কাজ সমাপ্তির সময় |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৬১ | জয়রা মোতালেবের বাড়ী হতে দক্ষিণ দিকে কাউন্সিলর নাজমা আক্তারের বাড়ী হয়ে গাজীর বাড়ী পর্যন্ত মাটি দ্বারা উন্নয়ন কাজ। | ৩,০৯,৫৫৭.০০ | ৮,০০০.০০ | ৪০০.০০ | ৬০ দিন (রি-টেন্ডার) |
| ৬৬ | উত্তর সেওতা কাঁচা বাজার রাস্তা হতে দক্ষিণ দিকে মৃত খোরশেদ আলমের বাড়ী পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন কাজ। | ১,২২,৭৩২.০০ | ৩,০০০.০০ | ২০০.০০ | ৪০ দিন (রি-টেন্ডার) |
| ৬৭ | পশ্চিম সেওতা বনমালী বাড়ীর নিকট মেইন রাস্তা পশ্চিম দিকে মৃত আবুল হোসেন পীর সাহেবের বাড়ী পর্যন্ত প্যালাসাইডিং, রিং কালভার্ট সহ মাটি দ্বারা উন্নয়ন কাজ। | ২,১৯,৯৯৯.০০ | ৬,০০০.০০ | ২০০.০০ | ৪০ দিন (রি-টেন্ডার) |
| ৭২ | পূর্ব দাশড়া জাকির হোসেনের বাড়ী হতে যোগানন্দ আশ্রম হয়ে শাহনুর মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তা সংস্কার কাজ। | ১,০৯,৫৫৭.০০ | ৩,০০০.০০ | ২০০.০০ | ৩০ দিন (রি-টেন্ডার) |
| ৮৪ | পূর্ব দাশড়া শ্রী শ্রী রাধাকৃষ্ণ জিউ মন্দিরে পাকা টয়লেট নির্মান। | ৭৯,৯৭৬.০০ | ২,০০০.০০ | ১০০.০০ | ৬০ দিন (রি-টেন্ডার) |
| ৮৫ | উচুটিয়া শহীদ মাদবরের বাড়ীর নিকট গাইড ওয়াল এবং ঘাটলা নির্মান কাজ। | ৩,৪৯,২৬৩.০০ | ৮,০০০.০০ | ৪০০.০০ | ৬০ দিন (রি-টেন্ডার) |
| ১০১ | (ক) এলজিইডি এর উত্তর পাশে বেউথা মেইন রোড হতে নজরুল ইসলাম খান এর বাড়ী পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন। (খ) পৌলী রাস্তা হতে কালিগঙ্গা নদী পর্যন্ত রাস্তা (কান্দা পৌলী রাস্তা) মাটি দ্বারা উন্নয়ন। (গ) বেউথা মেইন রোড হতে (পানির ট্যাংকির উত্তরে) আব্দুল হালিম সাহেবের বাড়ী পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন। (ঘ) উচুটিয়া পাকা রাস্তা হতে উত্তর দিকে শহর আলী মুন্সীর বাড়ী হয়ে বাজার রাস্তা পর্যন্ত রাস্তার সোল্ডার মাটি দ্বারা ভরাট কাজ। | ১৪,৯৬,৬১৫.০০ | ৩৭,৫০০.০০ | ১৫০০.০০ | ৬০ দিন |
| ১০২ | শিববাড়ী আঙ্গিনা ও মন্দিরের পূর্ব পাশের নীচু স্থান মাটি দ্বারা উন্নয়ন কাজ। | ১,০০,০০০.০০ | ২,৫০০.০০ | ১০০.০০ | ৩০ দিন |
| ১০৩ | পূর্ব দাশড়া কালিখোলা মন্দিরের সামনে নাট মন্দির নির্মাণ। | ৫,০০,০০০.০০ | ১২,৫০০.০০ | ৫০০.০০ | ৪৫ দিন |
| ১০৪ | নয়াকান্দি বাজার থেকে ভুলির বাড়ীর শেষ প্রান্ত পর্যন্ত রাস্তার দুপাশের সোল্ডার সংস্কার। | ৮০,০০০.০০ | ২,০০০.০০ | ১০০.০০ | ৩০ দিন |
| ১০৫ | নয়াকান্দি ভুলির বাড়ীর মোড় থেকে কুশেরচর তালাপ পর্যন্ত রাস্তার দুপাশের সোল্ডার সংস্কার। | ১,০০,০০০.০০ | ২,৫০০.০০ | ১০০.০০ | ৩০ দিন |
| ১০৬ | শান্তনু রায় স্মরণীর জাকির সাহেবের বাসা হতে দক্ষিণ দিকে এডভোকেট মিজানুর রহমান হযরত সাহেবের বাসা পর্যন্ত রাস্তা বাঁশের চেগার ও মাটি দ্বারা উন্নয়ন কাজ। | ২,৫০,০০০.০০ | ৬,২৫০.০০ | ২০০.০০ | ৩০ দিন |
| ১০৭ | পশ্চিম দাশড়া নুরুল ইসলাম সাহেবের বাসার নিকট এবং আলী আহম্মদ মিস্ত্রীর বাসার নিকট পুকুর পাশে চেগার, মাটি ও সি.সি দ্বারা রাস্তা উন্নয়ন কাজ। | ২,০০,০০০.০০ | ৫,০০০.০০ | ২০০.০০ | ৩০ দিন |
| ১০৮ | সার্কিট হাউজের পশ্চিমে নুরুল ইসলাম সাহেবের বাড়ীর পশ্চিমে সীমানা প্রাচীর নির্মাণ ও রাস্তা মাটি দ্বারা উন্নয়ন। | ৯৭,৯৫১.০০ | ২,৫০০.০০ | ১০০.০০ | ৩০ দিন |
| ১০৯ | কোর্ট ব্রীজ ও বাজার ব্রীজ আলোকিত করণের জন্য খুঁটি, তারসহ বৈদ্যুতিক বাতির ব্যবস্থা করণ। | ১,৪৪,৮১১.০০ | ৩,৬৫০.০০ | ২০০.০০ | ৩০ দিন |
| ১১০ | উচুটিয়া দারোগালীর বাড়ীর নিকট ব্রীজ এ্যপ্রোচ সংস্কার কাজ। | ১,৪০,০০০.০০ | ৩,৫০০.০০ | ২০০.০০ | ৩০ দিন |
| ১১১ | হিজুলী বিষ্ণু ডাক্তারের বাড়ীর উত্তর পাশের পাকা রাস্তা হতে উত্তর দিকে তুষার চৌধুরীর বাড়ী পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন। | ৬৫,০০০.০০ | ১,৬৫০.০০ | ১০০.০০ | ৩০ দিন |
| ১১২ | রাইস্থা রিশি পাড়ার পশ্চিম পাশের চান্দার বাড়ীর মোড় থেকে দক্ষিণ দিকে খোরশেদ মিস্ত্রীর বাড়ী পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন কাজ। | ৩,০০,০০০.০০ | ৭,৫০০.০০ | ৩০০.০০ | ৪৫ দিন |
| ১১৩ | পৌলী বাজার হতে উত্তর দিকে দবিরের বাড়ী হয়ে পৌলী মেইন রাস্তা পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন। | ৬,০০,০০০.০০ | ১৫,০০০.০০ | ৬০০.০০ | ৬০ দিন |
| ১১৪ | (ক) পূর্ব দাশড়া ঠাকুর দাসের বাড়ীর পশ্চিম দিকে সাব-রাস্তা মাটি দ্বারা সংস্কার কাজ। (খ) পূর্ব দাশড়া নাগবাড়ী আপন ভবন সংলগ্ন পাকা রাস্তা থেকে পশ্চিম দিকে বিপদ বিহারী সাহার বাড়ী পর্যন্ত রাস্তা বাঁশের চেগার ও মাটি দ্বারা উন্নয়ন কাজ। | ৬,২৮,৬২৩.০০ | ১৫,৮০০.০০ | ৭০০.০০ | ৬০ দিন |
| ১১৫ | পৌলী মেইন রাস্তা হতে নদীর পাড় পর্যন্ত মাটি দ্বারা রাস্তা উন্নয়ন। | ৩,৪৫,৫১২.০০ | ৮,৬৫০.০০ | ৪০০.০০ | ৪৫ দিন |
| ১১৬ | শ্রীশ্রী আনন্দময়ী কালিবাড়ী আঙ্গিনার বৃষ্টির পানি বের হওয়ার ড্রেন নির্মাণ কাজ। | ২,৭৩,৭০৭.০০ | ৬,৮৫০.০০ | ৩০০.০০ | ৩০ দিন |
| ১১৭ | (ক) চরহিজুলী জনাব আমির আলীর বাড়ী হতে আব্দুল খালেক সাহেবের বাড়ী পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন কাজ। (খ) শহীদ স্মরণী সড়ক থেকে পশ্চিম দিকে বিচারপতি হাবিবুর রহমান সাহেবের বাড়ী পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন। | ৯১,৮৩৬.১০ | ২,৩০০.০০ | ১০০.০০ | ৩০ দিন |
| ১১৮ | চর বেউথা মসজিদ হতে কুশেরচর খেয়া ঘাট পর্যন্ত রাস্তা মাটি ও খোয়া দ্বারা সংস্কার। | ৩,৫০,০০০.০০ | ৮,৭৫০.০০ | ৩০০.০০ | ৪৫ দিন |
| ১১৯ | পূর্ব দাশড়া কালিখোলা রাস্তা হতে সুশীল পালের বাড়ী পর্যন্ত রাস্তা নির্মাণ। | ৪৪,৬৬৭.০০ | ১,১৫০.০০ | ১০০.০০ | ৩০ দিন |
| ১২০ | নয়াকান্দি মেইন রাস্তা হতে ফটিকের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন। | ১,৫৫,১৮২.০০ | ৩,৯০০.০০ | ২০০.০০ | ৩০ দিন |
| ১২১ | (ক) সিঙ্গাইর রাস্তা হতে পশ্চিম দিকে আজগরের বাড়ী পর্যন্ত রাস্তা সংস্কার কাজ। (খ) বকজুরী মেইন রাস্তা হতে পূর্ব দিকে রাজু আহামেদ এর বাড়ী হতে উত্তর দিকে মেহের আলীর বাড়ী পর্যন্ত রাস্তা মাটি দ্বারা সংস্কার কাজ। | ৭৩,৯৮০.০০ | ১,৮৫০.০০ | ১০০.০০ | ৩০ দিন |
| ১২২ | বেউথা রাস্তা হতে আমিন মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তা কার্পেটিং দ্বারা উন্নয়ন। | ২,৮৯,৪৭৬.০০ | ৭,২৫০.০০ | ৩০০.০০ | ৩০ দিন |
| ১২৩ | বান্দুটিয়া রনি ম্যানসনের নিকট মসজিদ হতে পশ্চিম দিকে রাস্তা উন্নয়ন কাজ। | ১,৬০,০০০.০০ | ৪,০০০.০০ | ২০০.০০ | ৩০ দিন |
| ১২৪ | নবগ্রাম মসজিদ হতে খোরশেদ এর বাড়ী পর্যন্ত রাস্তা সি.সি দ্বারা উন্নয়ন কাজ। | ৮,৫৭,৯১৮.০০ | ২১,৫০০.০০ | ৯০০.০০ | ৬০ দিন |
| ১২৫ | নবগ্রাম রাস্তা হতে পশ্চিম দিকে লাবলুর বাড়ী পর্যন্ত মাটি দ্বারা রাস্তা নির্মাণ। | ২,৬৩,০০০.০০ | ৬,৬০০.০০ | ৩০০.০০ | ৩০ দিন |
| ১২৬ | রমজান আলী কলেজ রোডে মমতাজ চক্ষু হাসপাতাল থেকে পশ্চিম দিকে উপজেলা পুকুর পাড় পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন। | ১,৬০,০০০.০০ | ৪,০০০.০০ | ২০০.০০ | ৩০ দিন |
| ১২৭ | নবগ্রাম রাস্তা থেকে বড়াই রঞ্জিত সাহার বাড়ী পর্যন্ত রাস্তার পুকুরের দুই পাশে আরসিসি প্যালাসাইডিং নির্মান কাজ। | ১,৪৮,৪৯১.০০ | ৩,৭৫০.০০ | ২০০.০০ | ৩০ দিন |
| ১২৮ | সেওতা কবরস্থান মাটি দ্বারা উন্নয়ন কাজ। | ৬,০০,০০০.০০ | ১৫,০০০.০০ | ৬০০.০০ | ৬০ দিন |
| ১২৯ | কেন্দ্রীয় শহীদ মিনার থেকে দক্ষিণ সেওতা তপন সাহেবের বাড়ী পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন কাজ। | ৩,২৪,০০০.০০ | ৮,১০০.০০ | ৩০০.০০ | ৪৫ দিন |
| ১৩০ | মানিকগঞ্জ বাজার কসাই খানা ও ড্রেন সংস্কার কাজ। | ১১,৩৬,৮৮৮.০০ | ২৮,৪৫০.০০ | ১,১০০.০০ | ৬০ দিন |

বিঃদ্রঃ

- সকল দরপত্রের সহিত বায়নার টাকা বাবদ উল্লেখিত টাকা ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আকারে মেয়র, মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ বরাবরে অবশ্যই দাখিল করতে হবে। বায়নার টাকা ব্যতিরেকে দাখিলীয় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- টেন্ডারের বিস্তারিত তথ্যাবলী প্রতিদিন অফিস চলাকালীন সময়ে প্রকৌশল বিভাগ হইতে সংগ্রহ করা/ জানা যাইবে।
- প্রকাশ থাকে যে, প্রাক্কলিত দরের চেয়ে ৫% কম অথবা ৫% বেশী দাখিলকৃত দর সরাসরি বাতিল বলিয়া গণ্য হবে।
- দরপত্র খোলার পর হতে পরবর্তী ৬০ (ষাট) দিন পর্যন্ত দরপত্র বৈধ থাকবে।
- যে কোন/ সকল দরপত্র গ্রহন/ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(মোঃ বেল্লাল হোসেন)
নির্বাহী প্রকৌশলী
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

GD-1288